
# গুগলের নতুন এআই অ্যাপ 'ভিডস', লেখা ও ছবি দিয়ে ভিডিও তৈরি এখন হাতের মুঠোয়




সংগৃহীত ছবি

গুগল সম্প্রতি 'ভিডস' নামে একটি নতুন এআই-নির্ভর অ্যাপ উন্মুক্ত করেছে, যা ব্যবহারকারীদের জন্য ভিডিও তৈরিকে অনেক সহজ করে দেবে। এই অ্যাপের মাধ্যমে শুধুমাত্র কিছু লেখা বা ছবি ব্যবহার করেই অত্যাধুনিক শর্ট ভিডিও বানানো যাবে।

দ্য ভার্জ-এর প্রতিবেদন অনুযায়ী, 'ভিডস' অ্যাপটি সম্পূর্ণভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দ্বারা পরিচালিত। এর সবচেয়ে বড় সুবিধা হলো, সাধারণ ব্যবহারকারীরাও এটি দিয়ে সহজেই ভিডিও তৈরি করতে পারবেন। এতে রয়েছে বিভিন্ন টেমপ্লেট, স্টক মিডিয়া ও এআই সুবিধা, যা স্বয়ংক্রিয়ভাবে টেক্সট ও ছবি থেকে আকর্ষণীয় ভিডিও তৈরি করে।

অ্যাপটিতে একটি ভার্চুয়াল এআই অ্যাভাটারও থাকবে, যা একজন উপস্থাপকের মতো কাজ করে ভিডিওতে বিভিন্ন তথ্য তুলে ধরবে। প্রাথমিকভাবে এটি পেশাদার কাজের জন্য তৈরি করা হয়েছে, যেমন—কোম্পানির পণ্যের প্রচারমূলক ভিডিও বা অফিসের প্রেজেন্টেশন বানানো।

'ভিডস' গুগল ওয়ার্কস্পেসের (গুগল ডকস, শিটস, স্লাইডস) সঙ্গে যুক্ত থাকবে। ফলে ব্যবহারকারীরা তাদের বিদ্যমান ডেটা ব্যবহার করে খুব দ্রুত ভিডিও তৈরি করতে পারবেন। গুগল জানিয়েছে, এই অ্যাপ ব্যবহার করে কোম্পানিগুলো তাদের পণ্যের ডেমো, প্রশিক্ষণ বা প্রচারমূলক কন্টেন্ট তৈরি করে সময় ও অর্থ সাশ্রয় করতে পারবে। বর্তমানে এটি ব্যবহার করে কোনো নতুন পণ্যের ছবি থেকে মাত্র ৮ সেকেন্ডের ছোট ভিডিও বানানো সম্ভব।